
## কাস্টমার অ্যাপ এর মাধ্যমে প্রি-পেইড কার্ড রিচার্জ পদ্ধতি



**১ম ধাপ**

প্রথমে নির্দিষ্ট ইউজার আইডি(ই-মেইল) এবং পাসওয়ার্ড দিয়ে কর্ণফুলী প্রি-পেইড গ্যাস কাস্টমার অ্যাপ-এ সাইন ইন করুন।




**২য় ধাপ**

সাইন ইন সম্পন্ন হলে ড্যাশবোর্ড থেকে Recharge Gas মেনুতে ক্লিক করুন।




**৩য় ধাপ**

NFC সাপোর্টেড মোবাইল ফোন এর পিছনে নির্দিষ্ট স্থানে প্রি-পেইড গ্যাস মিটার কার্ড ট্যাপ করুন।




**৪র্থ ধাপ**

প্রি-পেইড গ্যাস মিটার কার্ড ট্যাপ করার পর মিটার ভাড়া এবং অন্যান্য বকেয়া থেকে থাকলে Pending Invoice হিসেবে মোবাইল স্ক্রিনে দেখা যাবে। পরবর্তী ধাপে যেতে Next বাটনে ক্লিক করুন।




**৫ম ধাপ**

Select Amount বক্স-এ ক্লিক করে রিচার্জ এমাউন্ট সিলেক্ট করুন অথবা রিচার্জের এমাউন্ট লিখুন।




**৬ষ্ঠ ধাপ**

Manual অপশনে ক্লিক করে নির্দিষ্ট পরিমান রিচার্জের এমাউন্ট লিখুন।




**৭ম ধাপ**

রিচার্জ এমাউন্ট সিলেক্ট করার পর নির্দিষ্ট পেমেন্ট সার্ভিস নির্বাচন করে Next বাটনে ক্লিক করুন।




**৮ম ধাপ**

আপনার রিচার্জ এমাউন্ট এর পরিমাণ সঠিক হলে YES বাটনে ক্লিক করুন।




**৯ম ধাপ**

বিকাশ/নগদ/উপায়/ রকেট পেমেন্ট বক্সে আপনার একাউন্ট নাম্বার প্রদান করে CONFIRM বাটনে ক্লিক করুন।




**১০ম ধাপ**

আপনার বিকাশ/নগদ /উপায়/রকেট একাউন্ট নাম্বার সঠিক হলে আপনার মোবাইল ফোনের মেসেজ -এ পাওয়া বিকাশ/নগদ/উপায়/রকেট এর ভেরিফিকেশন কোড প্রদান করুন।




**১১তম ধাপ**

সকল তথ্য সঠিক হলে বিকাশ/ নগদ/উপায়/রকেট রিচার্জ পিন নাম্বার প্রদান করে CONFIRM বাটনে ক্লিক করুন।



**১২তম ধাপ**

পুনরায় NFC সাপোর্টেড মোবাইল ফোন এর পিছনে নির্দিষ্ট স্থানে প্রি-পেইড গ্যাস মিটার কার্ড ট্যাপ করুন।



**১৩তম ধাপ**

প্রি-পেইড গ্যাস মিটার কার্ড সফলভাবে রিচার্জ সম্পন্ন হলে মোবাইল স্ক্রিনে Money Receipt দেখা গেলে বুঝবেন কার্ডটি মিটারে রিচার্জ এর জন্য প্রস্তুত।

প্রি-পেইড গ্যাস মিটার সংযোগকালীন যে সকল কারণে গ্যাস সরবরাহ বন্ধ হতে পারে অথবা মিটার ডিসপ্লেতে CLOSE, EOP, E01, EE, E30 সংকেত আসতে পারে। নিম্নে তা ব্যাখ্যা করা হলোঃ

| সংকেত | সংকেতের ব্যাখ্যা |
|---|---|
| CLOSE | মিটারের ব্যালেন্স শূন্য হলে অথবা ভূমিকম্প বা অন্য কোন কারণে মিটারে ঝাঁকুনি লাগলে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে এবং মিটারের ডিসপ্লেতে CLOSE লেখা ভেসে উঠবে। মিটারের ব্যালেন্স শূন্য হওয়ার কারণে CLOSE লেখা ভেসে উঠলে মিটারটি রিচার্জ করলে গ্যাস সরবরাহের জন্য প্রস্তুত হবে। CLOSE লেখা থাকলে B বাটনটি ০৩ থেকে ০৫ সেকেন্ড চেপে ধরলে CLOSE এর পরিবর্তে OPEN লেখা আসবে এবং গ্যাস সরবরাহ চালু হবে। |
| EOP, E01 | অভ্যন্তরীণ পাইপ লাইনে লিকেজ থাকলে EOP, E01 লেখা ভেসে উঠতে পারে। এক্ষেত্রে A বাটনটি ০১ বার চেপে ছেড়ে দিলে EOP, E01 ডিসপ্লে থেকে চলে যাবে। |
| EE | মিটারে ঝাঁকুনি লাগলে অথবা ভূমিকম্প হলে ডিসপ্লেতে EE লেখা ভেসে উঠবে এবং মিটারে লাল বাতি জ্বলবে। এক্ষেত্রে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে। তখন B বাটনটি ০৩ থেকে ০৫ সেকেন্ড চেপে ধরলে CLOSE এর পরিবর্তে OPEN লেখা ভেসে উঠবে, EE লেখাটি চলে যাবে এবং গ্যাস সরবরাহ চালু হবে। |
| E30 | রিচার্জের সময় প্রি-পেইড কার্ডটি মিটারের নির্দিষ্ট স্থানে সঠিকভাবে চেপে ধরতে না পারলে এবং রিচার্জে কোন ধরনের সমস্যা থাকলে ডিসপ্লেতে E30 লেখাটি ভেসে উঠবে। এক্ষেত্রে কিছুক্ষণ অপেক্ষা করলে দেখা যাবে ডিসপ্লেটি পূর্বের অবস্থায় ফিরে গেছে। |

উপরোক্ত অবস্থা ছাড়াও মিটারে অন্য যে কোন ধরনের অচেনা সংকেত প্রদানের ক্ষেত্রে কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড-কে অবহিত করুন।

প্রি-পেইড গ্যাস মিটার সংক্রান্ত তথ্য ও জরুরী সেবা পাওয়ার জন্য নিম্নোক্ত ফোন নাম্বারে যোগাযোগ করুনঃ

| | |
|---|---|
| (হট লাইট) | 16512 |
| জরুরি গ্রাহক সেবা-২৪ ঘন্টা | 01707-074462 |
| জরুরি গ্রাহক সেবা-২৪ ঘন্টা (প্রি-পেইড গ্যাস মিটার প্রকল্প) | 01710-809591, 01722-701392<br>01722-818551 |

রিচার্জের জন্য Pos এর তালিকা পেতে ক্লিক করুন https://www.kgdcl.gov.bd



# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

## কেজিডিসিএল এর আবাসিক গ্রাহকদের জন্য প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প



**প্রকল্প অফিসঃ**


প্রধান কার্যালয়, ৭ম তলা
কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম

info@kgdcl.gov.bd or
pgmproject_1lac@kgdcl.gov.bd
https://www.kgdcl.gov.bd
16512

# মিটার রিচার্জ পদ্ধতি:

রিচার্জ এর শুরুতে মিটারে **A** বাটনটি পর পর ০২ বার চাপ দিলে ডিসপ্লেতে **IN** লেখা ভেসে উঠবে। তখন সাথে সাথে প্রি-পেইড কার্ডটি মিটারের নিচের অংশে চেপে ধরুন। ডিসপ্লেতে **CARD** লেখা ভেসে উঠলে বুঝবেন আপনার কার্ড এবং মিটারের সাথে তথ্য আদান-প্রদান চলছে। কিছুক্ষণ অর্থাৎ ০৩ থেকে ০৫ সেকেন্ড পর ডিসপ্লেতে **END** লেখা ভেসে উঠবে। **END** লেখা ডিসপ্লেতে ভেসে উঠলে বুঝবেন আপনার কার্ড থেকে মিটারে টাকা রিচার্জ সফলভাবে সম্পন্ন হয়েছে। উল্লেখ্য, রিচার্জের সময় ডিসপ্লেতে **END** লেখা না আসা পর্যন্ত মিটার থেকে কার্ড সরানো যাবে না।










**Karnaphuli Gas Distribution Co.Ltd.**

**Contactless Recharge Card**
**For Prepaid Gas Meter**

**এটি স্মার্ট কার্ড। এটি ছাড়া গ্যাস রিচার্জ করা সম্ভব নয়।**
**ইহার সাহায্যে সময়মত গ্যাস রিচার্জ করে নিশ্চিন্ত থাকুন।**

# সতর্কতা

প্রাকৃতিক গ্যাস একটি দাহ্য পদার্থ।একটি নির্দিষ্ট মাত্রার বায়ুর সংশ্রিণে এটি বিস্ফোরিত হয়। ফলে রান্নাঘরে বায়ু চলাচলের সুব্যবস্থা রাখতে হবে। গ্যাস লাইনে কোন লিকেজ সৃষ্টি হলে তা দ্রুত সারাতে হবে।

## রিচার্জের সময় যা ঘটতে পারে:

**A** বাটনটিতে পর পর ০২ বার চাপ দিলে ডিসপ্লেতে **IN** লেখা ভেসে উঠবে। তখন কার্ডটি মিটারের নিচের অংশে চেপে ধরে মিটার রিচার্জ করা হয়। যদি কোন কারণে **A** বাটনটিতে পরপর ০৩ বার চাপ পড়ে যায় তখন ডিসপ্লেতে **OUT** লেখা ভেসে উঠবে। **OUT** লেখা থাকা অবস্থায় কার্ডটি মিটারের নিচের অংশে চেপে ধরলে মিটারের জমাকৃত ব্যালেন্স (যদি থাকে) উল্টো কার্ডে রিফান্ড হয়ে চলে আসবে। এই অবস্থায় মিটারের ব্যালেন্স শূন্য হওয়ায় গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে এবং ডিসপ্লেতে **CLOSE** লেখা ভেসে উঠবে। যদি রিচার্জ করার সময় ভুলক্রমে **A** বাটনটিতে ০৩ বার চাপ পড়ে যায় সেক্ষেত্রে মিটারে কার্ড না ধরে কিছুক্ষণ সময় অপেক্ষা করতে হবে। কিছুক্ষণ পর দেখা যাবে ডিসপ্লে থেকে **OUT** লেখাটি চলে গেছে এবং মিটারটি পুনরায় রিচার্জ এর জন্য প্রস্তুত হয়েছে। এখন যথানিয়মে মিটার রিচার্জ কার্যক্রম শুরু করা যাবে।

## সাবধানতা:

কোন অবস্থাতেই **A** বাটনে পর পর ০২ বারের বেশি চাপ দেওয়া যাবে না।
মিটারে **IN** লেখা ব্যাতিত অন্য কোন লেখা আসলে কার্ড ধরা যাবে না।


# জরুরী সেবা গ্রহণ:

মিটারের ব্যালেন্স শূন্য হওয়ার সাথে সাথে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যায় এবং ডিসপ্লেতে **CLOSE** লেখা ভেসে উঠে, এ অবস্থায় একজন গ্রাহক জরুরী ব্যালেন্স হিসেবে কেজিডিসিএল কর্তৃক নির্ধারিত গ্যাস ব্যবহার করার সুযোগ পাবেন। জরুরী সেবা নেওয়ার সময় মিটারের **B** বাটনটি চেপে ধরে রাখতে হবে যতক্ষণ না ডিসপ্লেতে **EC** লেখাটি ভেসে উঠে। **EC** লেখাটি ভেসে উঠার সাথে সাথে **B** বাটনটি ছেড়ে দিয়ে **A** বাটনটি একবার চাপ দিয়ে ছেড়ে দিতে হবে। দেখা যাবে কিছুক্ষণের মধ্যে মিটারের ডিসপ্লেতে **OPEN 0000.000 $m^3$** লেখা দেখা যাবে অর্থাৎ এই অবস্থায় মিটারটি গ্যাস সরবরাহের জন্য প্রস্তুত হয়েছে এবং চুলা জ্বালিয়ে গ্যাস ব্যবহার শুরু করার সাথে সাথে মিটারের ডিসপ্লেতে **OPEN -000.001 $m^3$** দেখা যাবে এবং গ্যাস ব্যবহার বৃদ্ধির সাথে সাথে পর্যায়ক্রমে মিটারের ডিসপ্লেতে **OPEN -000.002 $m^3$**, **OPEN -000.003 $m^3$**, **OPEN -000.004 $m^3$** ডিজিট দেখা যাবে। জরুরী ব্যালেন্স শেষ হলে সর্বশেষ মিটারের ডিসপ্লেতে **CLOSE -022.000 $m^3$** ডিজিট দেখা যাবে এবং মিটারের মাধ্যমে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে।

## সাবধানতা:

জরুরী ব্যালেন্স ব্যবহারকালীন কোন অবস্থাতেই **B** বাটনে চাপ দেওয়া যাবে না। **B** বাটন চাপলে মিটার **CLOSE** হয়ে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে। সেক্ষেত্রে নতুন করে কার্ড রিচার্জ করতে হবে এবং রিচার্জকৃত ব্যালেন্স মিটারে প্রবেশ করানোর পর মিটারের **B** বাটন ০৩ থেকে ০৫ সেকেন্ড চেপে ধরে রেখে মিটারটি **CLOSE** থেকে **OPEN** করতে হবে। তারপর গ্যাস সরবরাহ শুরু হবে।

# কর্ণফুলী প্রি-পেইড গ্যাস কাস্টমার অ্যাপ রেজিস্ট্রেশন





**১ম ধাপ**

Google Play Store থেকে KGDCL Prepaid Gas Customer লিখে সার্চ দিয়ে অ্যাপটি Install করুন।





**২য় ধাপ**

মোবাইল ফোন থেকে কর্ণফুলী প্রি-পেইড গ্যাস কাস্টমার অ্যাপ ওপেন করুন এবং রেজিস্টার বাটনে ক্লিক করুন।




**৩য় ধাপ**

NFC সাপোর্টেড মোবাইল ফোন এর পিছনে নির্দিষ্ট স্থানে প্রি-পেইড গ্যাস মিটার কার্ড ট্যাপ করুন।




**৪র্থ ধাপ**

প্রি-পেইড গ্যাস মিটার কার্ড ট্যাপ করার পর মোবাইল স্ক্রিনে আসা রেজিস্টার অপশনে সকল তথ্য সঠিকভাবে প্রদান করে রেজিস্টার করুন।




**৫ম ধাপ**

রেজিস্টার সম্পন্ন হলে নির্দিষ্ট ইউজার আইডি (ই-মেইল) এবং পাসওয়ার্ড দিয়ে কর্ণফুলী প্রি-পেইড গ্যাস কাস্টমার অ্যাপ-এ সাইন ইন করুন।




**৬ষ্ঠ ধাপ**

সাইন ইন সম্পন্ন হলে মোবাইল স্ক্রিনে ড্যাশবোর্ড দেখা যাবে।